



বিশ্বজুড়ে সার্ভার সমস্যায় ফেসবুক-হোয়াটসঅ্যাপ



ছবি: সংগৃহীত

বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক, হোয়াটসঅ্যাপ ও ইনস্টাগ্রামের সেবায় সাময়িক বিঘ্ন দেখা দেয়। শুক্রবার (১২ জুন) সন্ধ্যা সাড়ে ৭টার পর ব্যবহারকারীরা এ সমস্যার মুখোমুখি হন। ব্যবহারকারীদের অভিযোগ, ফেসবুকে প্রবেশ, পোস্ট করা এবং মেসেঞ্জার ব্যবহারে সমস্যা দেখা দেয়। অনেকের ক্ষেত্রে ‘Sorry, something went wrong’ বার্তাও প্রদর্শিত হয়। আউটেজ ট্র্যাকিং ওয়েবসাইট ডাউনডিটেক্টরের তথ্য অনুযায়ী, সন্ধ্যা সাড়ে ৭টার পর থেকে বিভিন্ন দেশ থেকে সেবা বিপর্যয়ের অভিযোগ জমা পড়তে শুরু করে। তবে প্রায় ৪০ মিনিট পর ধীরে ধীরে ফেসবুক, হোয়াটসঅ্যাপ ও ইনস্টাগ্রামের সেবা স্বাভাবিক হতে শুরু করে। এ ঘটনায় মেটার পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো ব্যাখ্যা দেওয়া হয়নি। সাময়িক এ বিভ্রাটে অনেক ব্যবহারকারী প্রথমে নিজেদের অ্যাকাউন্ট বা ইন্টারনেট সংযোগে সমস্যা হয়েছে বলে মনে করলেও পরে বিষয়টি বৈশ্বিক সেবা বিঘ্ন হিসেবে নিশ্চিত হয়।

LENS ASIA